


সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগের আওতায় ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন সায়েদাবাদ পানি শোধনাগার প্রকল্প এর পানি সংগ্রহের জন্য ইনটেক পয়েন্ট হিসেবে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার বৈদ্যের বাজার ইউনিয়নের হাড়িয়া এলাকাকে নির্ধারণ করা হয়। বর্ণিত প্রকল্পের মাধ্যমে এ ইনটেক পয়েন্ট থেকে পানি উত্তোলনপূর্বক পরিশোধন করে দৈনিক ৯০ কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হবে। প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অধীকারভুক্ত একটি প্রকল্প। এ প্রকল্পের ডিপিপি ও Feasibility Study Report অনুযায়ী ইনটেক পয়েন্টের ৫ কিঃমিঃ উজান ও ভাটি এলাকায় কোন প্রকার স্হাপনা নির্মাণ করা যাবে না। কিন্তু এ ইনটেক পয়েন্টের ১ কিঃ মিঃ উজান ও ভাটির জায়গার মধ্যে আমান সিমেন্ট ফ্যাক্টরীসহ অন্যান্য কিছু স্হাপনা তৈরী করা হচ্ছে। সরেজমিনে তদন্তপূর্বক এ বিষয়ে প্রতিবেদন দাখিলের স্হানীয় সরকার বিভাগের ০২.০৮.২০১৫ তারিখের ৫৯৩ নং স্মারকে একটি কমিটি গঠন করা হয়েছে। আগামী ২০ সেপ্টেম্বর, ২০১৫ তারিখ (রবিবার) সকাল ১০.৩০ ঘটিকায় স্হানীয় সরকার বিভাগের অতিরিক্ত সচিব (পাস) মহোদয়ের দপ্তরে (কক্ষ # ১৬১১, ভবন # ৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) উক্ত কমিটির এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। সভায় সভাপতিত্ব করবেন কমিটির আহবায়ক জনাব আকরাম-আল-হোসেন, অতিরিক্ত সচিব, স্হানীয় সরকার বিভাগ।

০২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



মোঃ শশান আলী রাজা বাঙালী
উপসচিব

ফোনঃ ৯৫৪০৩৭০

ই-মেইলঃ watersupply_02@yahoo.com

বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবায়, ঢাকা
- ২। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা
- ৩। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ৪। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, মতিঝিল, ঢাকা
- ৫। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরানবাজার, ঢাকা

(বর্ণিত কমিটির সদস্য/প্রতিনিধিকে সভায় উপস্থিত
থাকার অনুরোধসহ)

অনুলিপি :

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (পাস) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।